



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/10/2021

গভর্নর ক্যাথি হোচুল

গভর্নর হোচুল সাবওয়ে বিদ্যুৎ বিভ্রাট সম্পর্কে তদন্তের ফলাফল ঘোষণা করেছেন

মেট্রোপলিটান ট্রান্সপোর্টেশন অথোরিটি (Metropolitan Transportation Authority, MTA) MTA 29 আগস্টের ঘটনার পুনরাবৃত্তি এড়াতে প্রশমন পদক্ষেপ এবং উন্নত প্রটোকল বাস্তবায়ন করবে

অন্য কোন সম্ভাব্য দুর্বলতা সনাক্ত ও সংশোধন করতে গভর্নর সম্পূর্ণ MTA জুড়ে অপারেশন কন্ট্রোল সেন্টারগুলির পর্যালোচনার নির্দেশ দিয়েছেন

গভর্নর ক্যাথি হোচুল আজ 29 আগস্ট MTA-র সবগুলি নম্বরযুক্ত লাইনের এবং তার সাথে L ট্রেনে ব্যাপক বিদ্যুৎ বিভ্রাটের কারণ অনুসন্ধানের ফলাফল ঘোষণা করেছেন। দুটি বাইরের ইঞ্জিনিয়ারিং ফার্ম, [এইচডিআর](#) এবং [WSP](#)-কে তদন্ত করার এবং একটি মূল কারণ নির্ধারণের দায়িত্ব দেওয়া হয়েছিল এবং পাওয়া গিয়েছিল যে বিভ্রাট মানুষের ত্রুটির কারণে হয়েছিল। তদন্তের ফলস্বরূপ, গভর্নর হোচুল অন্য কোনো সম্ভাব্য দুর্বলতা চিহ্নিত করতে এবং সেগুলির প্রশমনের জন্য সমগ্র MTA জুড়ে অপারেশন কন্ট্রোল সেন্টারগুলির সম্পূর্ণ পর্যালোচনার নির্দেশ দিচ্ছেন।

"রবিবার, 29 আগস্ট রাতে, সাবওয়ের যাত্রীদের পরিষেবা হঠাৎ এবং অপ্রত্যাশিতভাবে বন্ধ হয়ে যায়, এবং অবিলম্বে এই ব্যাঘাতের পরে, আমি MTA-কে এর কারণ তদন্ত করার নির্দেশ দিয়েছিলাম। সমস্যাগুলির উৎস চিহ্নিত করতে এবং উন্নতিসাধনের সুপারিশ করার জন্য দলগুলি দ্রুত কাজ করে। যাত্রীরা যাতে আর কখনো এই কারণে বাধাগ্রস্ত না হন তা নিশ্চিত করার জন্য আমি প্রশমন পদক্ষেপগুলির নির্দেশ দিচ্ছি," **গভর্নর হোচুল বলেন।** "নিউ ইয়র্কবাসীরা একটি সম্পূর্ণরূপে কার্যকর সাবওয়ে সিস্টেমের উপর পরম আস্থা পাওয়ার যোগ্য, এবং সেই বিশ্বাস পুনরুদ্ধার করা আমাদের কাজ। আমি MTA-কে আরো নির্দেশ দিচ্ছি পুরো সিস্টেম জুড়ে সমস্ত অপারেশন কন্ট্রোল সেন্টারগুলি পর্যালোচনা করার যাতে পরবর্তী কোনো সম্ভাব্য দুর্বলতা সনাক্ত করা যায় এবং এই ধরনের পরিস্থিতি যাতে আর না ঘটে সে বিষয়ে আশ্বাস প্রদান করার জন্য। আমরা আধুনিকায়ন, উন্নতি এবং নির্ভরযোগ্যতা প্রদান করব যা যাত্রীদের প্রাপ্য।"

MTA-র ভারপ্রাপ্ত সভাপতি এবং সিইও জ্যানো লিবার বলেন, "রিপোর্টটি MTA-কে আমরা কীভাবে RCC-কে সমর্থন করে যে মূল সিস্টেমগুলি তা বজায় রাখি এবং পরিচালনা করি, তা তাৎক্ষণিকভাবে পুনর্বিদ্যায়নের কাজ করার নির্দেশ দেয়। ভবনটিতে বিদ্যুৎ নষ্ট হওয়ার পরিস্থিতি উন্নত করতে সংস্থাটি অতিরিক্ত কেবলের সংযোগ স্থাপন করবে, সেই সাথে আরও বিস্তৃত

বিল্ডিং ম্যানেজমেন্ট সিস্টেম প্রস্তুত করবে যা ভবনের বৈদ্যুতিক বিতরণ, যান্ত্রিক এবং নিরাপত্তা ব্যবস্থার অবস্থা সম্পর্কে বিস্তারিত দৃশ্যমানতা প্রদান করবে। আমি গভর্নর হোচুলকে ধন্যবাদ জানাতে চাই যে আমাদের সাথে এই সমস্যাগুলির গভীরে প্রবেশ করার জন্য এবং এর দীর্ঘস্থায়ী সমাধানগুলি সনাক্ত করতে সাহায্য করার জন্য।"

রিপোর্টে জানা গেছে যে নিউ ইয়র্ক সিটি ট্রানজিট রেল কন্ট্রোল সেন্টারে বিদ্যুৎ হারানোর প্রধান কারণ ছিল বিল্ডিংয়ের পাওয়ার ডিস্ট্রিবিউশন ইউনিটগুলির একটিতে ম্যানুয়ালি অ্যাক্টিভেট করা পাওয়ার-অফ সুইচ। প্রাথমিক ইঞ্জিত থেকে বোঝা যায় যে জরুরীকালীন পুশ বোতামটি দুর্ঘটনাক্রমে চাপানো হতে গিয়ে থাকতে পারে যেহেতু একটি প্লাস্টিকের গার্ড যা দুর্ঘটনাক্রমে সক্রিয়করণ প্রতিরোধ করে তা অনুপস্থিত ছিল।

এক ঘণ্টারও বেশি সময় ধরে বিদ্যুৎ পুনরুদ্ধারে ব্যর্থতা অভ্যন্তরীণ সংগঠন এবং প্রক্রিয়ার ত্রুটির ফল বলে মনে হচ্ছে, RCC-তে বিদ্যমান সাংগঠনিক রক্ষণাবেক্ষণ কাঠামোগুলির পুনর্বিবেচনারও প্রয়োজন যাতে একই ধরনের ঘটনা আবার না ঘটে। এই ঘটনার তদন্তকারী সংস্থাগুলি আরও দেখেছে যে RCC-র বিদ্যুৎ বিতরণ পর্যবেক্ষণ ব্যবস্থার অভাবের কারণে ঘটনার প্রভাব আরও তীব্র হয়েছে। এই ধরনের সিস্টেম বিদ্যুৎ বিতরণ ব্যবস্থায় মূল বৈদ্যুতিক উপাদানগুলির স্থিতিশীলতা প্রদান করবে।

রিপোর্টগুলি MTA-কে অবিলম্বে RCC-তে রক্ষণাবেক্ষণ ব্যবস্থাপনার পরিকাঠামো পুনর্গঠনের কাজ করে। একটি স্বল্পমেয়াদী উন্নতি হিসাবে, রিপোর্টগুলি সুপারিশ করে যে অথোরিটি অতিরিক্ত সরঞ্জাম ইনস্টল করে যা ভবনের সমস্ত বৈদ্যুতিক সার্কিটগুলিকে অন্টারনেট করে বৈদ্যুতিক সার্কিটগুলিকে ফিড করার জন্য। দীর্ঘমেয়াদে, রিপোর্টগুলি সুপারিশ করে যে নিউ ইয়র্ক সিটি ট্রানজিট (New York City Transit) একটি আধুনিক বিল্ডিং ম্যানেজমেন্ট সিস্টেম ইনস্টল এবং পরিচালনা করে যা ভবনের বৈদ্যুতিক বিতরণ যান্ত্রিক এবং নিরাপত্তা ব্যবস্থার অবস্থা সম্পর্কে বিস্তারিত দৃশ্যমানতা প্রদান করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)